গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-৬৭৪ তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮ / ২৪ নভেম্বর, ২০২১

**বিষয়: ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০২ ডিসেম্বর, ২০২১ বৃহস্পতিবার থেকে দেশব্যাপী উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা শুরু হবে। গুরুত্বপূর্ণ এ পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ সম্ভব হয় সে জন্য পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতোপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেসির সাথে কার্যকর সমন্বয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।

০২। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২১ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে গত ১৮ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সংক্রান্ত সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) আগামী ২৫ নভেম্বর, ২০২১ তারিখ হতে ০৩ জানুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত সব ধরণের কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে।

খ) মোবাইলসহ অন্য যে কোন ইলেকট্রনিক ডিভাইস নিয়ে যাতে কেউ কেন্দ্রে প্রবেশ না করতে পারে তা নিশ্চিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, ২০২১ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট ও সমমান পরীক্ষার দিন শিক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীদের যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হতে না হয় তাসহ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরীক্ষার রুটিন ................ পৃষ্ঠা।

২৪/১১/২১
খালেদা আখতার
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৬৭৮০
ইমেইল: ds_sec1@moedu.gov.bd

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮-৬৭৪ তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮ / ২৪ নভেম্বর, ২০২১

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
০২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
০৩. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)................................
০৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভা, শিক্ষা মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

২৪/১১/২১
খালেদা আখতার
যুগ্মসচিব